দৈনিক খবর

তারিখ ..২৪.. ৬.. ১৯৮৮
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

050

## বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আদালতে আবেদন পেশ করেছেন

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা স্থগিত রেখে বিশ্ববিদ্যালয় সিনেটের কার্যক্রম চালিয়ে যাবার অনুমতি চেয়ে ঢাকা জেলা জজের আদালতে গতকাল বৃহস্পতিবার আবেদন জানিয়েছে। ৭-এর পাতায় দেখুন

## বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

প্রথম পৃষ্ঠার পর

বিবাদীদের পক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও আইন উপদেষ্টা আদালতে এ আবেদন করেছেন। উল্লেখ্য, গত ২২শে জুন বিশ্ববিদ্যালয় সিনেটের একজন সদস্যের আবেদনের প্রেক্ষিতে আদালত সিনেটের সভা মুলতবী রাখার পক্ষে নিষেধাজ্ঞা জারি করে।

জানা গেছে, গতকাল আদালতে পেশকৃত বিবাদী পক্ষের আবেদনে বলা হয়, সিনেট অধিবেশনের ওপর জারিকৃত নিষেধাজ্ঞা আইনসম্মত হয়নি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মত একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের কার্যক্রম থামিয়ে দিয়ে অচলাবস্থা সৃষ্টি করা সঠিক ছিল না।

উল্লেখ্য, গতকাল আইনজীবীদের আদালত বর্জনের কর্মসূচী থাকায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষে আবেদন পেশ ব্যতীত কিছু করা সম্ভব হয়নি। কাল শনিবার অথবা রোববারের মধ্যে বিষয়টির ব্যাপারে কিছু একটা ফয়সালা হবে বলেই কর্তৃপক্ষ আশা করছেন।

এ ব্যাপারে গতরাতে (রাত আটটায়) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের বাসায় যোগাযোগ করা হলে তিনি বাসায় না থাকার কথা জানা যায়। রাত দশটায় পুনরায় যোগাযোগ করলে রেজিস্ট্রার জানান, এ বিষয়ে কিছু বলার এখতিয়ার তার নেই। যা কিছু বলার জনসংযোগ কর্মকর্তা বলবেন। পরে জনসংযোগ কর্মকর্তার সাথে যোগাযোগ করলে তিনি বিষয়টি সম্পর্কে কোন তথ্য তার কাছে নেই উল্লেখ করে বলেন, আমাকে এ ব্যাপারে কিছু জানান হয়নি। বিশ্ববিদ্যালয়ের আরো দু'জন কর্মকর্তার সাথে যোগাযোগ করলেও তারাও বিষয়টি সম্পর্কে পুরোপুরি অজ্ঞতা প্রকাশ করেন।

### প্রতিবাদ সমাবেশ

ছাত্র সংগ্রাম পরিষদ ও সংগ্রামী ছাত্র জোটসহ বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন লংঘন, কতিপয় সংসদ সদস্যের মন্তব্য ও আচরণের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।

এ উপলক্ষে সকালে কলা ভবন প্রাঙ্গণে আয়োজিত ছাত্র সংগ্রাম পরিষদের সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র নেতা এম ইনায়েতুর রহিম ও শাহাবুদ্দিন। সমাবেশে যে কোন মূল্যে বিশ্ববিদ্যালয়ে স্বায়ত্তশাসন সমুন্নত রাখার অঙ্গীকার ঘোষণা করা হয়।

সংগ্রামী ছাত্র জোটের এ উপলক্ষে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র নেতা আমান উল্লাহ আমান ও ফজলুল হক মিলন। সমাবেশে সরকারী অপচেষ্টার বিরুদ্ধে তীব্র ছাত্র আন্দোলন গড়ে তোলার আহবান জানানো হয়।

এছাড়াও ছাত্রলীগ (সু-র) সভাপতি সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ ও সাধারণ সম্পাদক আবদুর রহমান, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন, ইসলামী ছাত্র শিবির, জাতীয় ছাত্র ইউনিয়নের যুগ্ম আহবায়ক আমিরুল হক আমিন ও আবেদ রানা পৃথক পৃথক বিবৃতিতে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ রক্ষা ও স্বায়ত্তশাসন অক্ষুণ্ণ রাখার আহবান জানান।

জাতীয় ছাত্রলীগ এ উপলক্ষে আগামী ২৫শে জুন সকাল ১০টায় অপরাজেয় বাংলার পাদদেশে এক জমায়েত শেষে বিক্ষোভ মিছিল করবে।